**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১১ এপ্রিল ২০১৬, ২৮ চৈত্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কারাগার হবে বন্দী অপরাধীদের সংশোধনাগার
: কেরানীগঞ্জে ঢাকা কেন্দ্রীয় কারাগার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

২। আগামী অর্থবছরে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৭ দশমিক ২ শতাংশ : অর্থমন্ত্রী

৩। ব্যক্তিগত গাড়ি নিয়ন্ত্রণে হচ্ছে পরিবহণ আইন : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৪। হাতিরঝিল প্রকল্প এলাকায় বহুতল ভবন নির্মাণ করা যাবে : বিদ্যমান বিধিনিষেধ প্রত্যাহার

৫। বায়োমেট্রিক পদ্ধতিতে পাঁচ কোটি ৪৫ লাখ সিম নিবন্ধন সম্পন্ন
: সিম নিবন্ধন নিয়ে রায় আগামীকাল

৬। নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিশেষ অভিযান শুরু

৭। রেলখাতের উন্নয়নে আরও ৫ কোটি ডলার দিচ্ছে এডিবি

৮। দুর্নীতি মামলায় মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার রিভিউ আবেদন আপীল বিভাগে খারিজ

৯। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত আসামী মতিউর রহমান নিজামির
রিভিউ শুনানি ৩ মে পুনর্নির্ধারণ

১০। দেশে ৫৭ ভাগ শিশু শ্রমিক মারধরের শিকার : নিলসেনের গবেষণা প্রতিবেদন

চলমান পাতা/২

**১। কারাগার হবে বন্দী অপরাধীদের সংশোধনাগার**

**: কেরানীগঞ্জে ঢাকা কেন্দ্রীয় কারাগার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

কারাগারে বন্দী অপরাধীদের বিভিন্ন বৃত্তি ও প্রশিক্ষণমূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে সংশোধন করে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে কারাগারগুলোকে সংশোধনাগারে পরিণত করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কারাগার শুধু শাস্তি কার্যকরের স্থানই নয়, সংশোধনাগার হিসেবে সমাজে প্রতিষ্ঠা করতে কারাগারে কর্মরতদের বন্দীদের সেবা প্রদানের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে কারাগারের দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সুবিধা প্রদানের বিষয়টি তিনি দেখবেন বলে আশ্বস্ত করেছেন। গতকাল ১০ এপ্রিল রোববার রাজধানীর কেরানীগঞ্জের তেঘরিয়া ইউনিয়নের রাজেন্দ্রপুরে স্থাপিত নতুন ঢাকা কেন্দ্রীয় কারাগার উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১ক.৭), **ইত্তেফাক** (পৃ.১ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩ ক.৬)।

**জনকণ্ঠ, যায়যায়দিন, ভোরের কাগজ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।**

**২। আগামী অর্থবছরে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৭ দশমিক ২ শতাংশ : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত জানিয়েছেন আগামী ২০১৬-১৭ অর্থবছরে মোট দেশজ উৎপাদনে (জিডিপি ) প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হতে পারে ৭ দশমিক ২ শতাংশ। এছাড়া চলতি ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটের আকার হবে ২ লাখ ৬৪ হাজার কোটি টাকা। গতকাল ১০এপ্রিল রোববার সচিবালয়ে সরকারি চার প্রতিষ্ঠানের ডিভিডেন্ড হস্তান্তর অনুষ্ঠান শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** ( পৃ. ১৮ ক.৫), **সংবাদ** ( পৃ.১ ক.৫), **ডেইলি সান** (পৃ.১ ক.১), **নিউ এজ** (পৃ.১ ক.৪)।

**৩। ব্যক্তিগত গাড়ি নিয়ন্ত্রণে হচ্ছে পরিবহণ আইন : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, যানজট নিরসনে সরকার গাড়ির ব্যবহার সীমিত করার প্রস্তাব রেখে একটি আইন করার চিন্তা করছে। পরিবারপ্রতি গাড়ির সংখ্যা নির্ধারণের বিষয়টি প্রস্তাবিত সড়ক পরিবহণ আইনের খসড়ায় সংযোজন করা হবে। আইনটি হলে যানজট নিরসনে রাজধানীর রাস্তায় ব্যক্তিগত গাড়িও নিয়ন্ত্রণে আসবে। গতকাল ১০ এপ্রিল রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সড়ক পরিবহণ আইন-২০১৬ এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে পরিবহণ খাত সংশ্লিষ্টদের নিয়ে জাতীয় কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.ক.১), **প্রথম আলো** (পৃ.৪ ক.১), **ডেইলি সান** (পৃ.৩ ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩ ক.১)।

**৪। হাতিরঝিল প্রকল্প এলাকায় বহুতল ভবন নির্মাণ করা যাবে : বিদ্যমান বিধিনিষেধ প্রত্যাহার**

রাজধানীর দৃষ্টিনন্দন হাতিরঝিল প্রকল্পের সীমানার ৩০০ মিটার চারপাশের এলাকায় ৬ তলা পর্যন্ত ভবন নির্মাণসহ স্বতন্ত্র বিধিনিষেধ বাতিল করা হয়েছে। এখন থেকে ওই এলাকার জমির মালিকরা বিদ্যমান ইমারত নির্মাণ বিধিমালার অনুসরণ করে ভবন নির্মাণ করতে পারবেন। গতকাল ১০ এপ্রিল রোববার ডিটেইলড এরিয়া প্ল্যান রিভিউ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৮ম সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন সভায় সভাপতিত্ব করেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ. ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৫ ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩ ক.১)।

**৫। বায়োমেট্রিক পদ্ধতিতে পাঁচ কোটি ৪৫ লাখ সিম নিবন্ধন সম্পন্ন : সিম নিবন্ধন নিয়ে রায় আগামীকাল**

বায়োমেট্রিক পদ্ধতিতে এ পর্যন্ত ৫ কোটি ৪৫ লাখ সিম পুনঃনিবন্ধিত হয়েছে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। গত ডিসেম্বরে এ পুনঃনিবন্ধন প্রক্রিয়া শুরু হয়। গতকাল ১০ এপ্রিল রোববার মোবাইল অপারেটর বাংলালিংকের রোডশো শেষে জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে প্রতিমন্ত্রী বলেন, পরিকল্পনা অনুযায়ী আগামী ৩০ এপ্রিলের মধ্যে বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন শেষ করা হবে।

এরপর বায়োমেট্রিক নিবন্ধন না করলে ওই সব সিম বন্ধ করে দেওয়া হবে। বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল সিম নিবন্ধন অবৈধ ঘোষণার দাবিতে করা রিটের ওপর চূড়ান্ত শুনানি শেষ হয়েছে। আগামীকাল **১২** এপ্রিল মঙ্গলবার এ বিষয়ে রায় ঘোষণা করা হবে। গতকাল **১০** এপ্রিল রোববার শুনানি শেষে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি এ কে এম সাহিদুল হকের বেঞ্চ রায়ের জন্য এ দিন ধার্য্য করেন। সূত্র-**যুগান্তর** (পৃ. ১৬ ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩ ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩ ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.১)।



**৬। বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিশেষ অভিযান শুরু**

নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা মহানগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে আয়োজিত অনুষ্ঠানে দুস্কৃতকারীরা যাতে কোনো প্রকার বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে জন্য তালিকাভুক্ত সন্ত্রাসী-জঙ্গি গ্রেফতারে বিশেষ অভিযান পরিচালনা করছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। এছাড়াও নববর্ষে বিভিন অনুষ্ঠানে ভুভুজেলা বাঁশী উৎপাদন, বিপণন যাতে কেউ না করতে পারে সে সংক্রান্ত বিষয়েও বিশেষ অভিযান পরিচালিত হচ্ছে। এ কার্যক্রম গতকাল **১০** এপ্রিল রোববার থেকে শুরু হয়ে আগামী **১৬** এপ্রিল শনিবার পর্যন্ত চলবে। গতকাল **১০** এপ্রিল রোববার ডিএমপির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.ক.৮), **যুগান্তর** ( পৃ.১৬ ক.৫), **নিউ নেশন** (পৃ.১ ক.৫)।

**৭। রেলখাতের উন্নয়নে আরও ৫ কোটি ডলার দিচ্ছে এডিবি**

রেলখাতের উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশকে চতুর্থ কিস্তির ৫ কোটি মার্কিন ডলার অর্থ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ জন্য ৪০০ কোটি টাকার একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই ঋণ সহায়তা রেলপথের সক্ষমতা বৃদ্ধি এবং নিরাপত্তা নিশ্চিতে ব্যবহার করা হবে। গতকাল **১০** এপ্রিল রোববার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি-২ সম্মেলন কক্ষে এ চুক্তি স্বাক্ষর হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.ক.৫), **ইত্তেফাক** ( পৃ.১৮ ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২ ক.২), **নিউ নেশন** (পৃ.১৩ ক.১)।

**৮. দুর্নীতি মামলায় মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার রিভিউ আবেদন আপিল বিভাগে খারিজ**

দুর্নীতি মামলায় সাজা বহাল ও হাইকোর্টে পুনঃশুনানির রায়ের বিরুদ্ধে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার করা পুনর্বিবেচনার (রিভিউ) আবেদন খারিজ করে দিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। গতকাল **১০** এপ্রিল রোববার হাইকোর্টের দেওয়া খালাসের রায় বাতিল করে নতুন করে আপীল শুনানির আদেশের বিরুদ্ধে করা রিভিউ আবেদনটি উত্থাপিত হয়নি মর্মে খারিজ করে দেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার বিচারপতির আপিল বেঞ্চ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১ক. ৮), **ডেইলি স্টার** (পৃ.৩ ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.৪)। **যায়যায়দিন, ইনকিলাব, অবজারভার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত আসামী মতিউর রহমান নিজামির রিভিউ শুনানি ৩ মে পুনর্নির্ধারণ**

মানবতাবিরোধী অপরাধে ফাঁসির দণ্ড থেকে খালাস চেয়ে জামায়াতের আমির মতিউর রহমান নিজামীর করা রিভিউ আবেদনের শুনানি পিছিয়েছে। সুপ্রিম কোর্টের আপিল বিভাগ গতকাল **১০** এপ্রিল রোববার রিভিউ শুনানির জন্য আগামী **৩** মে পুনর্নির্ধারণ করেছেন। আসামিপক্ষের সময় আবেদনের পরিপ্রেক্ষিতে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার সদস্যের বেঞ্জ এ আদেশ দেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১ ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ. ক. ৬), **ডেইলি স্টার** (পৃ.৫ ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.৮)।

**১০। দেশে ৫৭ ভাগ শিশু শ্রমিক মারধরের শিকার : নিলসেনের গবেষণা প্রতিবেদন**

দেশে শিশু শ্রমিকরা **১১** বছর বয়স থেকেই বিভিন্ন কাজে নিয়োজিত হয়। তাদের শতকরা ৭৯ ভাগ প্রাথমিক শিক্ষা সম্পূর্ণ হওয়ার আগেই ঝরে পড়ে। একই সঙ্গে শতকরা ৫৭ ভাগ শিশু শ্রমিক মারধরের শিকার হয়। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান নিলসেন কোম্পানির, বাংলাদেশ শাখার এক গবেষণায় শিশু শ্রমিকদের এ চিত্র

উঠে এসেছে। গতকাল ১০ এপ্রিল রোববার সিরডাপ মিলনায়তনে ‘বাংলাদেশের অপ্রাতিষ্ঠানিক খাতে শিশু শ্রম পরিস্থিতি’ শীর্ষক গবেষণা প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১ ক.১), **প্রথম আলো** ( পৃ. ৮, ক. ৫), **নিউ নেশন** (শেষ পৃ. ক.৬)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী গত ১৫ বছরের মধ্যে দেশে বেকারের সংখ্যা এখন সবচেয়ে বেশি হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দুই বছরে মাত্র ছয় লাখ লোকের কর্মসংস্থানের হত্যাশাব্যঞ্জক চিত্র দূর করতে বেসরকারি খাতে নতুন বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক, জনকণ্ঠ, ফিনানশিয়াল এক্সপ্রেস :** সরকারি ভবন নির্মাণে রডের বদলে বাঁশ ব্যবহার করার মতো অনিয়ম বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে রাস্তাঘাট, ব্রিজ, কালভার্টসহ গ্রামীণ অবকাঠামো উন্নয়নে অর্থ বরাদ্দ থাকলেও এক বছরে ১০০টি প্রকল্প বাস্তবায়নে কোনো অর্থ ব্যয় না হওয়া এবং কাজ শেষ না করেই সমাপ্ত ঘোষণা করা হয়েছে ১২১টি উন্নয়ন প্রকল্পের কাজ সম্প্রতি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে দেশের উন্নয়ন কাজের এ স্থবিরতা দূর করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** সারাদেশে দেড় লাখ গাড়ির সিলিন্ডারের মেয়াদ নেই বলে এক প্রতিবেদন প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এসব অবৈধ গাড়ির গ্যাস সিলিন্ডারের বিরুদ্ধে অভিযান চালানোর সুপারিশ।

ঙ. **সমকাল :** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের যাত্রী হয়রানি ও লাগেজ কাটা পার্টির দৌরাত্ম্য বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ভোরের কাগজ :** কেরানীগঞ্জে ঢাকা কেন্দ্রীয় কারাগার স্থানান্তর হওয়ার প্রসঙ্গ তুলে ধরে কারা-অবকাঠামোর আধুনিকায়নের সঙ্গে সঙ্গে কারা-বিধি বিধান আধুনিক ও যুগোপযোগী করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** মধ্যআয়ের বাংলাদেশ গড়তে আর্থসামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়নে নারীদের আরও অংশগ্রহণ নিশ্চিত করার প্রত্যাশা ব্যক্ত।

জ. **ডেইলি সান :** স্কুলে শিক্ষার্থীদের শারীরিক শাস্তি নিষিদ্ধ করা সত্ত্বেও বিভিন্ন স্কুলে এ ধরণের শাস্তি বহাল থাকায় এ ব্যাপারে শিক্ষকদের প্রশিক্ষণগুলোতে এ ব্যাপারে সঠিক নিদের্শনা দেওয়ার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** ঢাকা-গাজীপুর বাস রেপিড ট্রানজিট দেরিতে শুরু হওয়ায় এর ব্যয় ৫০ শতাংশ বেড়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে সরকারের বৃহৎ প্রকল্পগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে চালু করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে নারী নির্যাতনের ব্যাপকতা এবং সহিংসতা সম্পর্কে জনমনে সচেতনতা ও প্রতিরোধ গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'শিশুর প্রতি আরও দৃষ্টি দিতে হবে'** শিরোনামের নিবন্ধে বাঁধন আরেং শিশুকে আগামী দিনের যোগ্য মানুষ ও দেশের সুনাগরিক হয়ে ওঠার সুযোগ সৃষ্টির জন্য গ্রাম ও শহরের মধ্যে শিশু অধিকারের বৈষম্য দূর করার পদক্ষেপ গ্রহণ করা জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#
ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা